



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৬/ ৫৪৪৭

তারিখ : ০৫/১২/২০১৬খ্রি.

বিষয় : “কৃষি শিক্ষা” বিষয়ের প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.০৬.০৪১.২০১৫-৭৮৭, তারিখ- ২৮/০৮/২০১৬খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ২৮/১১/২০১৬ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, কলেজ মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে বানারীপাড়া ডিগ্রি কলেজ, বানারীপাড়া, বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শর্তে “কৃষি শিক্ষা” বিষয়ের প্রাথমিক পাঠদানের অনুমতি ০১/০৭/২০১৬ থেকে ৩০/০৬/২০১৭ পর্যন্ত প্রদান করা হলো।

অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় নবায়ন করা না হলে উক্ত অনুমতি বাতিল হয়ে যাবে এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বিরত থাকবে।

### শর্তাবলী

- ০১। অনুমোদনের প্রেক্ষিতে (এমপিও না দেয়ার শর্তে) নিয়োগকৃত শিক্ষকের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ০২। আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে
- ০৩। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না
- ০৪। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নিজের হিসেবে বিবেচিত হবে না
- ০৫। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে
- ০৬। বেসরকারী কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে
- ০৭। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় পাঠদানের অনুমতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

ড. মো: লিয়াকত হোসেন # ৯৫১১  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

মোবাইল: ০১৭১৫৭১৪২৩৬

gmail : drliaquate@gmail.com

অধ্যক্ষ

বানারীপাড়া ডিগ্রি কলেজ

বানারীপাড়া, বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
- ৬। সংরক্ষণ নথি